

শিল্পকর্মে জুলাই গণঅভ্যুত্থান

২৪-এর জুলাই গণঅভ্যুত্থান নিয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের শিল্পকর্মের ক্যাটালগ

প্রধান পৃষ্ঠপোষক

প্রফেসর সালেহ্ হাসান নকীব

মাননীয় উপাচার্য

পৃষ্ঠপোষক

প্রফেসর মোহাম্মদ মাস্টন উদ্দীন

প্রফেসর মোহা: ফরিদ উদ্দীন খান

মাননীয় উপ-উপাচার্য (প্রশাসন)

মাননীয় উপ-উপাচার্য (শিক্ষা)

সম্পাদক

প্রফেসর মো. আখতার হোসেন মজুমদার

প্রশাসক, জনসংযোগ দপ্তর

প্রকাশক

প্রফেসর ইফতিখারুল আলম মাসউদ

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

প্রকাশকাল

জানুয়ারি ২০২৬

শুভেচ্ছা মূল্য: ২০০ টাকা

উৎসর্গ

জুলাই গণঅভ্যুত্থানের

শহীদগণ



রাজশাহী বিশ্ববিদ্যালয় উপাচার্যের শুভেচ্ছা



জুলাই গণঅভ্যুত্থান বাংলাদেশের ইতিহাসে এক অবিস্মরণীয় ঘটনা। এই অভ্যুত্থানের মাধ্যমে অবসান হয়েছে এক চরম স্বৈরাচারী শাসন ব্যবস্থার, উৎখাত হয়েছে গ্রহণযোগ্যতাবিহীন নির্বাচনের মাধ্যমে আসীন হওয়া শাসকচক্র। এই অভ্যুত্থানে অন্যদের মধ্যে শিল্পী সমাজের ভূমিকা ছিল বিশেষভাবে উল্লেখনীয়। তাদের ভূমিকার প্রতিফলন দেখা যায় বিপ্লব ও বিপ্লবোত্তরকালের দেয়াললিখন, গ্রাফিতি, ক্যালিগ্রাফি, কার্টুন ইত্যাদিতে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অবদান লক্ষ করা যায় তাদের উচ্চকিত তুলির আঁচড়ে।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের শিল্পকর্মে জুলাই গণঅভ্যুত্থানকেন্দ্রিক চিন্তাধারাকে প্রামাণ্য রূপ দিতে আমরা চিত্রাঙ্কন ও অন্যান্য শিল্পকর্ম নিয়ে একটি ক্যাটালগ প্রকাশের উদ্যোগ গ্রহণ করি। ‘শিল্পকর্মে জুলাই গণঅভ্যুত্থান’ শীর্ষক এই ক্যাটালগ সে উদ্যোগের বাস্তবে রূপায়ণ। ক্যাটালগটি আগামী দিনের জন্যও এক প্রামাণ্য প্রকাশনা হয়ে থাকবে।

আমি এই ক্যাটালগে শিল্পকর্ম প্রদানকারী শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে এটি প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

প্রফেসর ড. সালেহু হাসান নকীব
উপাচার্য



রাজশাহী বিশ্ববিদ্যালয়
উপ-উপাচার্য (প্রশাসন) এর শুভেচ্ছা



জুলাই গণঅভ্যুত্থান নিয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা যে শিল্প সৃষ্টি করেছে তার স্বাক্ষর এই ক্যাটালগ। ক্যাটালগটিতে প্রকাশিত শিল্পকর্ম থেকে আমরা জুলাই বিপ্লবের প্রতি শিক্ষানুরাগী শিক্ষার্থীদের চিন্তা-চেতনার প্রতিফলন দেখতে পাই। এই ক্যাটালগ জুলাই গণঅভ্যুত্থান তথা বাংলাদেশের অগ্নিগর্ভ সময়ের স্মারক হয়ে থাকবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

ক্যাটালগটি প্রকাশের উদ্যোগ গ্রহণের জন্য আমি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানাই।

প্রফেসর ড. মোহাম্মদ মাস্টিন উদ্দীন
উপ-উপাচার্য (প্রশাসন)



রাজশাহী বিশ্ববিদ্যালয় উপ-উপাচার্য (শিক্ষা) এর শুভেচ্ছা



দেশের আপামর জনগণের পাশাপাশি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরাও জুলাই গণঅভ্যুত্থানে অংশগ্রহণ করে। তারা শুধু রাজপথেই লড়াই করেনি বরং জুলাই অভ্যুত্থানের তেজোস্বিতাকে অন্তরে ধারণ করে এর শৈল্পিক প্রকাশেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তাই আমরা বিপ্লব ও পরবর্তীকালে দেয়ালচিত্র ও গ্রাফিতিতে তার প্রকাশ দেখতে পাই। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের গণঅভ্যুত্থানকে উপজীব্য করে শিল্পকর্মের স্বাক্ষর দেখতে পাই 'শিল্পকর্মে জুলাই গণঅভ্যুত্থান' শীর্ষক এই ক্যাটালগে।

ক্যাটালগটি প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জানাই।

প্রফেসর ড. মোহা: ফরিদ উদ্দীন খান
উপ-উপাচার্য (শিক্ষা)



রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রশাসক, জনসংযোগ দপ্তর এর কথা



‘জুলাই গণঅভ্যুত্থান’ বাংলাদেশের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ অধ্যায়। এ অভ্যুত্থানে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অসামান্য ভূমিকা পালন করে। তাদের একটি বড় অংশ সৃজনশীল কর্মকাণ্ড যেমন- গ্রাফিতি, দেয়াললিখন ও কার্টুনের মাধ্যমে গণঅভ্যুত্থান সম্পর্কে তাদের অনুভূতির প্রকাশ ঘটায়। তাদের সৃজনশীল এসব শিল্পকর্ম সংগ্রহ করে প্রামাণ্য রূপ দিতে এই ক্যাটালগ প্রকাশের উদ্যোগ।

ক্যাটালগটি জুলাই গণঅভ্যুত্থান সম্পর্কে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সৃজনশীলতার বহিঃপ্রকাশ। এই ক্যাটালগে যেসব শিক্ষার্থী শিল্পীদের শিল্পকর্ম স্থান পেয়েছে আমি তাদের আন্তরিক শুভেচ্ছা জানাই। ক্যাটালগটি প্রকাশের বিভিন্ন পর্যায়ে যঁারা সহযোগিতা প্রদান করেছেন তাঁদেরও জানাই আন্তরিক ধন্যবাদ।

প্রফেসর মো. আখতার হোসেন মজুমদার
প্রশাসক

নির্বাচিত
শিল্পকর্মসমূহ